যুগান্তর

পৃষ্ঠা ... ১৫ কলাম ... ৩ ... 1 APR 2003

# নার্স ও প্রাথমিক শিক্ষক নিয়োগে শৈথিল্য : অর্থমন্ত্রীর অসন্তোষ

যুগান্তর রিপোর্ট

প্রধানমন্ত্রীর নির্দেশ থাকা সত্ত্বেও এখন পর্যন্ত নার্স ও প্রাথমিক স্কুলের শিক্ষক নিয়োগ না হওয়ায় অর্থ এবং পরিকল্পনামন্ত্রী এম সাইফুর রহমান অসন্তোষ প্রকাশ করেছেন। গতকাল সোমবার মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত জনপ্রশাসন সংস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে তিনি এই অসন্তোষ প্রকাশ করেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

বৈঠক শেষে অর্থমন্ত্রী সাংবাদিকদের বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা রাজনীতি ও পরামর্শকের কাজে এতই ব্যস্ত হয়ে পড়েন যে ক্লাসে ঠিকমতো উপস্থিত থাকেন না। এ ব্যাপারে আগামীতে পদক্ষেপ নিতে হবে। অর্থমন্ত্রী জানান, বিভিন্ন প্রতিষ্ঠানে অস্থায়ী জনবল স্থায়ী করার জন্য নিয়মকানুন

নিয়োগ : পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## নিয়োগ : শৈথিল্য

(শেষ পৃষ্ঠার পর)

শিথিল করা হবে, যাতে জনবল নিয়োগে দীর্ঘসূত্রতা না হয়। বৈঠক সূত্রে জানা গেছে, সংস্থাপন মন্ত্রণালয়ের প্রস্তাবিত সরকারি কর্মচারীদের দুর্গম অঞ্চলের জন্য ভাতা দেয়ার বিষয়টি নাকোচ হয়ে যায়। তবে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে এই ভাতা প্রচলন অব্যাহত থাকবে।

বৈঠকে বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থার পাঁচ শতাধিক কর্মকর্তা-কর্মচারী নিয়োগের প্রস্তাব অনুমোদন করা হয়। প্রশাসনে গতিশীলতা, জবাবদিহিতা ও দুর্নীতি দূর করার জন্য আগামী বৈঠকে সিদ্ধান্ত নেয়া হতে পারে। অর্থমন্ত্রী শিক্ষা মন্ত্রণালয়ের অব্যবস্থাপনার বিষয়ে অসন্তোষ প্রকাশ করেন। বৈঠকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী আবদুল মান্নান ভূঁইয়া, শিল্পমন্ত্রী এমকে আনোয়ার, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী ব্যারিস্টার আমিনুল হকসহ মন্ত্রিপরিষদ সচিব, আইন সচিব ও সংস্থাপন সচিব উপস্থিত ছিলেন।